# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩০

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৪. অকুমারী (বিধবা বা বিপত্নীক) নারীকে তার অপছন্দ মতে তার ওলী বিয়ে দিলে

بَاب الثَّيِّبِ يُزَوِّجُهَا أَبُوهَا وَهِيَ كَارِهَةٌ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ أَنَّهُ سَمِعَ الْقَاسِمَ بْنَ مُحَمَّدٍ أَنَّهُ سَمِعَ عَبْدَ الرَّحْمَنِ بْنَ يَزِيدَ وَمُجَمِّعَ بْنَ يَزِيدَ الْأَنْصَارِيَّيْنِ حَدَّثَاهُ أَنَّ رَجُلًا مِنْهُمْ مِنْ الْأَنْصَارِ يُدْعَى خِذَامًا أَنْكَحَ بِنْتًا لَهُ فَكَرِهَتْ نِكَاحَ أَبِيهَا فَأَتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَتْ ذَلِكَ لَهُ فَرَدَّ عَنْهَا نِكَاحَ أَبِيهَا فَنَكَحَتْ أَبَا لُبَابَةَ بْنَ عَبْدِ الْمُنْذِرِ فَذَكَرَ يَحْيَى أَنَّهُ بَلَغَهُ أَنَّهَا كَانَتْ ثَيِّبًا

বাংলা

২২৩০. 'আবদুর রহমান ইবনু ইয়াযীদ ও মুজাম্মি'উ ইবনু ইয়াযীদ আল-আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। খিযাম নামক এক ব্যক্তি তার মেয়েকে বিয়ে দেন। সে তার পিতার দেয়া এই বিয়ে অপছন্দ করে। এরপর মেয়েটি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে বিষয়টি তাঁকে অবহিত করে। ফলে তিনি তার পিতার দেয়া তার এই বিবাহ বাতিল করে দেন। পরে সেই মেয়ে আবূ লুবাবা ইবনু 'আবদুল মুনযির রাদ্বিয়াল্লাহু আনহু-কে বিয়ে করে। ইয়াহ্‌ইয়া (রহ.) বলেন যে, তার নিকট এ খবর পৌঁছেছে যে, সে ছিল সায়্যিবা (বিধবা)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা, ৪/১৩৪; ইবনু মাজাহ, নিকাহ ১৮৭৩; আহমাদ ৬/৩২৮; বুখারী, নিকাহ ৫১৩৯, হিয়াল ৬৯৬৯; সাঈদ ইবনু মানসূর নং ৫৭৬;

পূর্ণ তাখরীজের জন্য পরবর্তী টীকাটিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন